JAN. 3 1 2001

ভোরের কাগজ

# প্রাথমিক শিক্ষকদের সমাবেশ ১৫ ফেব্রুয়ারি

১৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি আগামী ১৫ ফেব্রুয়ারি মুক্তাঙ্গনে সমাবেশের আয়োজন করেছে। এই সমাবেশের প্রাক্কালে সোমবার দুপুরে স্থানীয় হোটেলে সংবাদ সম্মেলনে শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দ আইন মন্ত্রণালয়ের সুপারিশসমূহ বাস্তবায়নের দাবি জানান।

সংবাদ সম্মেলনে সমিতির সভাপতি মুহাম্মদ আবদুল আউয়াল তালুকদার বলেন, আমাদের পেশাগত ক্ষেত্রে বহিরাগতদের হস্তক্ষেপের ফলে সৃষ্ট হানাহানি বন্ধ করে সুষ্ঠু পরিবেশে যথাযথভাবে দায়িত্ব পালন করে আমাদের মর্যাদা বৃদ্ধি করতে চাই। এই লক্ষ্যে ২১ জানুয়ারি ১৯৯৭ তারিখের আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ৮ আগস্ট ১৯৯৮ তারিখের জরুরি আদেশের বাস্তবায়ন চাই।

সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন সমিতির যুগ্ম মহা-সম্পাদক মমতাজ উদ্দিন, সাংগঠনিক সম্পাদক মোঃ জাহিদুর রহমান